

**B.A. 6th Semester (Honours) Examination, 2023 (CBCS)**

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : CC-XIII

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।  
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) ভাস-পরবর্তী দুজন সংস্কৃত নাট্যকারের নাম লেখো।
- (খ) ভাস তাঁর 'স্বপ্নবাসবদত্তা' নাটকটি কার কোন গ্রন্থের কাহিনি অবলম্বনে রচনা করেন? এই নাটকে কতগুলি অঙ্ক আছে?
- (গ) সংস্কৃত সাহিত্যে গদ্য-কাব্য কয়ভাগে বিভক্ত? প্রতিটি ভাগের একটি করে দৃষ্টান্ত দাও।
- (ঘ) রামায়ণের কতগুলি টীকার উল্লেখ পাওয়া যায়? এর মধ্যে যে-কোনো দুটি টীকার নাম লেখো।
- (ঙ) 'মহাভারত'— এমন নামকরণ কেন হল?
- (চ) দৃশ্যকাব্য ও শব্দকাব্যের মধ্যে দৃষ্টান্তসহ পার্থক্য লেখো।
- (ছ) 'হর্ষচরিত' কোন শ্রেণির রচনা? রচনাটি কতগুলি অধ্যায়ে বিভক্ত?
- (জ) চসারের প্রথম মৌলিক রচনাটির নাম ও প্রকাশকাল উল্লেখ করো।
- (ঝ) শেক্সপিয়ারের সনেট সংকলন কে, কবে প্রথম প্রকাশ করেন?
- (ঞ) 'Paradise Regained'-এ মোট কতগুলি সর্গ (Book) আছে? মিলটন এটি কেন রচনা করেন?
- (ট) 'Epipsychidion' কার রচনা? রচনাটির প্রকাশকাল উল্লেখ করো।
- (ঠ) চার্লস ল্যান্সের প্রথম প্রকাশিত উপন্যাসটির নাম কী? 'Last Essays of Elia' সংকলনটি কবে প্রকাশিত হয়?
- (ড) 'Pickwick Papers' কোন ঘটনার প্রেক্ষিতে ডিকেন্স রচনা করেন তা লেখো।
- (ঢ) টমাস হার্ডির লেখা দুটি ছোটগল্প সংকলনের নাম উল্লেখ করো।
- (ণ) টি. এস. এলিয়টের লেখা প্রথম কবিতা সংকলনটির নাম কী? সংকলনটি কবে প্রকাশিত হয়?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'মুচ্ছকটিক' কত অঙ্কের নাটক? নাটকটির নামকরণ সম্পর্কে তোমার অভিমত দাও।
- (খ) যে-কোনো দুটি সংস্কৃত গীতিকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) ভাস-সমস্যা কী? বিষয়টি বুঝিয়ে লেখো।
- (ঘ) চসারের 'ক্যান্টারবেরি টেলস' গ্রন্থটির বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) 'Paradise Lost' মহাকাব্যটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (চ) ওয়ার্ডসওয়ার্থের কাব্যে প্রকৃতির উপস্থাপনা কীভাবে ঘটেছে আলোচনা করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০×২=২০

- (ক) ট্রাজেডি রচনায় শেক্সপিয়রের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

অথবা,

'জন কিটস মুখ্যত প্রেমের কবি' — মতটি বিশ্লেষণ করো।

- (খ) মহাভারতের প্রক্ষিপ্ত অংশ কোনগুলি? কেন সেগুলি প্রক্ষিপ্ত তার কারণ নির্দেশ করো।

অথবা,

কবি হিসেবে কালিদাসের দক্ষতার পরিমাপ করো।